

২৭ শিক্ষার্থীকে এক বছরের জন্য বহিষ্কার

বাকুবিতে র‍্যাগিং

বাকুবি প্রতিনিধি

১৪ জানুয়ারি ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদের সমগ্র



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) হোসেন শহীদ সোহরাওয়ার্দী হলের ২৭ শিক্ষার্থীকে এক বছরের জন্য হল থেকে বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। ২০২৩-২৪ শিক্ষাবর্ষের নবীন শিক্ষার্থীদের গেস্টরুমে র‍্যাগিং করার ঘটনায় বিশ্ববিদ্যালয়ের অর্ডিনেন্স অনুযায়ী শৃঙ্খলা ভঙ্গের দায়ে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বহিষ্কৃতদের মধ্যে সোহরাওয়ার্দী হলের লেভেল-১, সেমিস্টার-২, লেভেল-২, সেমিস্টার-২ এবং একজন মাস্টার্সের শিক্ষার্থী রয়েছেন।

গতকাল বিষয়টি নিশ্চিত করেছেন ওই হলের প্রভোস্ট অধ্যাপক মো. বজলুর রহমান মোল্যা।

জানা গেছে, গত শনিবার রাত ৯টায় সোহরাওয়ার্দী হলের টিভি রুমে নবীন শিক্ষার্থীদের র‍্যাগিং করা হয়। এ সময় প্রথম ও দ্বিতীয় বর্ষের কয়েকজন শিক্ষার্থী নবীনদের অকথ্য ভাষায় গালিগালাজ করেন এবং বিভিন্ন অদ্ভুত শাস্তি দেয়। এসব শাস্তির মধ্যে ছিল ১০ রকমের হাসি দেওয়া, ১০ রকমের সালাম দেওয়া, গাছে ঝুলে থাকার অভিনয়, নাচ করা ইত্যাদি। এমন পরিস্থিতিতে ভীত হয়ে এক নবীন শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েন।

ঘটনা জানাজানি হলে বিশ্ববিদ্যালয় প্রশাসন ও হল প্রশাসন রবিবার (১২ জানুয়ারি) রাতে হল পরিদর্শন করে এবং গেস্টরুম পরিচালনায় জড়িতদের চিহ্নিত করে। এরপর ওই হলের ২৭ জন শিক্ষার্থীকে এক বছরের জন্য বহিষ্কার করা হয়।

এ বিষয়ে বাকুবি সহযোগী ছাত্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মো. মোহাম্মদ সাইফুল্লাহ বলেন, সোহরাওয়ার্দী হলের ঘটনায় ৫২ জনকে শনাক্ত করা হয়েছে। তাদের মধ্যে ২৭ জন সোহরাওয়ার্দী হলের ছাত্র। আর বাকিদের অ্যাটাচমেন্ট অন্য হলে। কিন্তু তারা সোহরাওয়ার্দী হলে থাকে।

সোহরাওয়ার্দী হলের ২৭ জনকে হল থেকে এক বছরের জন্য বহিষ্কার করা হয়েছে এবং অধিকতার শাস্তির জন্য বিশ্ববিদ্যালয়ের ডিসিপ্লিনারি কমিটিতে প্রেরণ করা হবে। যারা এই হলের ছাত্র না কিন্তু অবৈধভাবে থাকে এবং এই ঘটনার সঙ্গে যুক্ত তাদের খুঁজে বের করে শাস্তির আওতায় আনা হবে।

[শেষ পাতা](#) থেকে আরও পড়ুন